ভাঙ্গুড়া মডেল স্কুল এন্ড কলেজের বর্ণাঢ্য ঈদ পূনর্মিলন

ভাঙ্গুড়া প্রতিনিধি: ভাঙ্গুড়ায়
শহীদ এম হোসেন আলী অডিটোরিয়ামে
ভাঙ্গুড়া মডেল স্কুল এন্ড কলেজের
উদ্যোগে ঈদের ৩য় দিন শনিবার (৯
জুলাই) অনুষ্ঠিত হলো জমকালো এক
ঈদ পূনর্মিলন ও সাংস্কৃতিক
অনুষ্ঠান।

সুন্দর ও মনোরম পরিবেশে সারাদিন ব্যাপী অনুষ্ঠিত এ বর্ণাঢ্য অনুষ্ঠানে ভাঙ্গুড়ার বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিরা, শিক্ষাবিদ ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহন করে।

ভাঙ্গুড়ার কৃতি সন্তান বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় উপ-কমিটির সহঃ সম্পাদক ও ইঞ্জিনির্য়াস ইনস্টিটিউট (ইলেকট্রিক) এর সাধারন সম্পাদক প্রকৌশলী আব্দুল আলীম এর সভাপতিত্বে প্রথম পর্বের আলোচনা সভায় বক্তব্য রাখেন ভাঙ্গুড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা শামছুল আলম, পৌর মেয়র গোলাম হাসনাইন রাসেল,ভাঙ্গুড়া থানার ওসি আব্দুর রউফ,অধ্যক্ষ শহিদুজ্জামান,অধ্যক্ষ ছাইদুল ইসলাম সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানের ২য় পর্বে স্থানীয় ও বহিরাগত শিল্পীরা তাদের নান্দনিক ও রুচিশীল সংস্কৃতিক কর্মকান্ড উপস্থাপন করে উপস্থিত দর্শকদের আন্দোলিত করেন।

একই দিনে সন্ধায় পাথরঘাটা যুব উন্নয়ন সমিতির আয়োজনে প্রাথমিক বিদ্যালয় মাঠে এক ঈদ পূনর্মিলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।।